৭৫

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।
www.iau.edu.bd iau.exam@gmail.com

স্মারক নং- ইআবি/সপনি/ কামিল ২য় পর্ব পরীক্ষা/২০১৮/০৩

১৪ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ
১৯ সফর ১৪৪০ হিজরী

কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদী ২য় পর্ব পরীক্ষা-২০১৮ এর নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট, মানউন্নয়ন ও রিটেইক পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর অধিভূক্ত সকল কামিল মাদরাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদী ২য় পর্ব পরীক্ষা-২০১৮ এর আবেদন ফরম পূরণের নিমিত্তে বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন হবে। এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলী এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

পরীক্ষা শুরু হওয়ার সম্ভাব্য তারিখ: ০১/১২/২০১৮ খ্রি.

১। অন-লাইনে (eFF) আবেদন ফরম পূরণ সংক্রান্ত নির্দেশাবলী :

ক্রম.	বিবরণ	তারিখ
০১	বিলম্ব ফি' ছাড়া কামিল স্নাতকোত্তর ২য় পর্ব পরীক্ষার অনলাইন eFF এর তারিখ	০৭/১১/২০১৮ থেকে ১৫/১১/২০১৮ পর্যন্ত
০২	বিলম্ব ফি' ছাড়া কামিল স্নাতকোত্তর ২য় পর্ব পরীক্ষার ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ	০৭/১১/২০১৮ থেকে ১৫/১১/২০১৮ পর্যন্ত
০৩	বিলম্ব ফি' সহ কামিল স্নাতকোত্তর ২য় পর্ব পরীক্ষার অনলাইন eFF এর তারিখ	১৬/১১/২০১৮ থেকে ১৯/১১/২০১৮ পর্যন্ত
০৪	বিলম্ব ফি' সহ কামিল স্নাতকোত্তর ২য় পর্ব পরীক্ষার ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ	১৬/১১/২০১৮ থেকে ১৯/১১/২০১৮ পর্যন্ত
০৫	পরীক্ষা ফি, আনুষঙ্গিক ফি জমার রশিদ, অনলাইনে আবেদন ফরম পূরণ (eFF) এর পর প্রাপ্ত পরীক্ষার্থী তালিকা (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) এবং আনুষঙ্গিক কাগজপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার তারিখ (অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোন ক্রমেই পরীক্ষার ফি জমার রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণ করা হবে না।)	২০/১১/২০১৮
০৬	বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.iau.edu.bd) থেকে পরীক্ষার্থীদের কেন্দ্র ভিত্তিক ডিআর তালিকা (DR List) এর চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ	২৫/১১/২০১৮ থেকে ২৬/১১/২৫০১৮ পর্যন্ত
০৭	কেন্দ্রভিত্তিক পরীক্ষার্থীদের প্রবেশপত্র ডাইনলোড করার তারিখ	২৫/১১/২০১৮
০৮	প্রবেশপত্র সংক্রান্ত অভিযোগ ও সংশোধনের তারিখ	২৭/১১/২০১৮ থেকে ২৮/১১/২৫০১৮ পর্যন্ত
০৯	কেন্দ্রভিত্তিক পরীক্ষার্থীদের স্বাক্ষরলিপি ডাইনলোড করার তারিখ	২৫/১১/২০১৮ থেকে ২৮/১১/২৫০১৮ পর্যন্ত

২। পরীক্ষার্থীর যোগ্যতা :

ক) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২য় পর্বের নিয়মিত ও অনিয়মিত ভর্তিকৃত ছাত্র-ছাত্রী কামিল (স্নাতকোত্তর) ২য় পর্বের পরীক্ষা-২০১৮ এ অংশ গ্রহণ করতে পারবে।

খ) যারা ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) শ্রেণিতে নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে কিন্তু কামিল (স্নাতকোত্তর) পরীক্ষা-২০১৭ অংশগ্রহণ করেনি বা অনুত্তীর্ণ হয়েছে তারা কামিল স্নাতকোত্তর ২য় পর্ব অনিয়মিত পরীক্ষা-২০১৮-এ অংশগ্রহণ করতে পারবে।

৩। রিটেইক (Retake)/গ্রেড উন্নয়ন পরীক্ষা ঃ

ক) যে সকল ছাত্র-ছাত্রী কামিল (স্নাতকোত্তর) ২য় পর্ব পরীক্ষা- ২০১৭ এ সকল বিষয়ে অংশগ্রহণ করে কোন একটি বিষয়ে অকৃতকার্য হয়ে থাকলে তারা পরবর্তী বছর (Immediate Year) হিসেবে ২য় পর্ব পরীক্ষা-২০১৮-এ শুধুমাত্র সেই অনুত্তীর্ণ

বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে ঐ বিষয়ে প্রাপ্ত নম্বর পূর্বে প্রাপ্ত বিভিন্ন বিষয়ের মোট নম্বরের সাথে যোগ করে তার ফলাফল নির্ধারিত হবে। এ সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে।

খ) যে সকল পরীক্ষার্থী কামিল (স্নাতকোত্তর) ২য় পর্ব পরীক্ষায় (গ্রেড পয়েন্ট GP-5.00 এর কম) পেয়েছে, তারা গ্রেড উন্নয়ন করতে চাইলে ২০১৮ সালের ২য় পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে মানোন্নয়নের সুযোগ পাবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে। তবে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থী অবশ্যই উক্ত বর্ষের পরীক্ষার Online এ (eFF মেনুতে) Improvement/গ্রেড উন্নয়ন ফরম পূরণ করতে হবে।

গ) রিটেইক (Retake)/ গ্রেড উন্নয়ন (Improvement) পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রতি বিষয় ৪০০.০০ (চারশত) টাকা ফি ব্যাংকে জমাদান সাপেক্ষে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের বরাবর আবেদন করতে হবে।

৪। রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশাবলী :

রেজিস্ট্রেশন নম্বর ছাড়া আবেদন ফরম কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের নম্বর ও বিষয় কোড সম্পর্কে নিশ্চিত হয়ে ফরম পূরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত :

পরীক্ষার্থীদেরকে সর্বশেষ প্রচলিত কামিল (স্নাতকোত্তর) ২য় পর্বের নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট শ্রেণির জন্য প্রণীত পাঠক্রম-পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

৬। অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী :

ক) eFFএর Login Password এর ক্ষেত্রে eSIF এর Login Password ব্যবহার করতে হবে। প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (✓) দিয়ে শিক্ষার্থীদের সংখ্যা অনুযায়ী অগ্রণী ব্যাংকের নিজস্ব জমা রশিদের মাধ্যমে সম পরিমাণ টাকা ব্যাংকে জমা দিতে হবে এবং উক্ত মূল রশিদটি অবশ্যই বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দফতরে জমা দিতে হবে।

(কোন অবস্থাতে ১৯/১১/২০১৮ খ্রি. এর পরে অনলাইনে eFF করা যাবে না)।

খ) অসম্পূর্ণ আবেদন কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।

৭। সকল প্রকার পরীক্ষার্থীদের যাবতীয় ফি-এর হার নিম্নরূপ:

পরীক্ষার নাম	পরীক্ষার ফি (প্রতি পত্র -২০০)	টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি পত্র- ৮০)	মৌখিক পরীক্ষার ফি (প্রতি ছাত্র)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি শিক্ষার্থী)	নম্বরপত্র ফি	মূল সনদপত্র ফি	মোট	রিটেইক/গ্রেড উন্নয়ন (প্রতি পত্র)	বিলম্ব ফি
কামিল (স্নাতকোত্তর) ২য় পর্ব	৮০০.০০ (৪ টি পত্র)	৩২০.০০ (৪ টি পত্র)	২০০.০০	৫.০০	২০০.০০	২৫০.০০	১,৭৭৫.০০	৪০০.০০	৩০০.০০

৮। অন্যান্য ফি-এর হার :

ক) কামিল (স্নাতকোত্তর) ২য় পর্ব পরীক্ষা-২০১৮-এর প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফি ৪৫০.০০ (চারশত) টাকা (ব্যবহারিক পরীক্ষা ব্যতীত) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

খ) কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। বিশ্ববিদ্যালয় হতে অলিখিত উত্তরপত্র ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি সংগ্রহ এবং পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করার জন্য প্রয়োজনীয় ব্যয় কেন্দ্র ফি হতে বহন করতে হবে।

৯। ক) পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা, ঢাকার হিসাব নং- **০২০০০০৯০৮২৩৪১** (ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে জমা দিতে হবে। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর-এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট কাগজপত্র ও ব্যাংকে টাকা জমা দেয়ার মূল রশিদ ব্যতিত Final Candidates List প্রকাশ করা হবে না। টাকা জমা দেয়ার মূল রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্রসহ উপরে বর্ণিত সময়সূচি অনুযায়ী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অফিস চলাকালীন সময়ে জমা দিয়ে রিসিভ কপি সংগ্রহ করতে হবে। **অন্যথায় এর দায় দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।**

খ) ব্যাংকে টাকা জমার পর **মাদরাসার অধ্যক্ষ টাকা জমা রশিদের বিপরীত পৃষ্ঠায় মাদরাসার সীলমোহরসহ স্বাক্ষর করবেন।**

গ) কোন ক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোষ্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের ফি হিসেবে গ্রহণ করা হবে না।

২৯.১০.১৮

ঘ) **বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোন ক্রমেই পরীক্ষার ফি-এর টাকা জমার রশিদ গ্রহণ করা হবে না।**

ঙ) পরীক্ষার ফি জমার রশিদ, অনলাইনে আবেদন ফরম পূরণ (eFF) এর পর প্রাপ্ত পরীক্ষার্থী তালিকা (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) এবং আনুষঙ্গিক কাগজপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেওয়ার সময় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের হালনাগাদ **অধিভুক্তি নবায়ন** কপি এবং **গভর্নিং বডির অনুমোদন** কপি অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় পরীক্ষা সংক্রান্ত কোন কাগজপত্র গ্রহণ করা হবে না।

১০। **অন্যান্য বিষয় সংক্রান্তঃ**

ক) বৈধ রেজিস্ট্রেশন, বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া অবৈধভাবে মাদরাসা বদলি হওয়ার কারণে ২০১৮ সালে পরীক্ষা দেওয়ার যোগ্য নয় ও অন্য যে কোন ধরণের অবৈধ ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ দায়ী থাকবেন এবং ঐ সমস্ত পরীক্ষার ফলাফল বাতিল বলে গণ্য হবে।

১১। **অন-লাইনে ফরম পূরণের www.iau.edu.bd এ কোন সমস্যা হলে আইসিটি শাখার হেল্প ডেস্ক নং-০১৭০৯৩৮৯০০৭ অথবা ০১৭০৯৩৮৯০০৬ মোবাইল নম্বরে বা ই-মেইল iau.exam@gmail.com যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।**

১২। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০১৮ সালের কামিল (স্নাতকোত্তর) ২য় পর্বের নিয়মিত ও অনিয়মিত পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিক ভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মাদরাসা অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৯.১০.১৮

পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ইআবি/সপনি/ কামিল ২য় পর্ব পরীক্ষা/২০১৮/০৩, তারিখ: ২৯ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ

১. ডীন, ফাজিল (স্নাতক) শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. অধ্যক্ষ, সকল অধিভুক্ত কামিল মাদরাসা।
৪. উপচার্য মহোদয়ের একান্ত সচিব (উপচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. ট্রেজারার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. সকল কর্মকর্তা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. আইসিটি শাখা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, (জাতীয় দৈনিক পত্রিকায় সংবাদ বিজ্ঞপ্তি আকারে প্রকাশের অনুরোধসহ), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯. অফিস কপি।

২৯.১০.২০১৮

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।